## ৩২

হিমের রাতে ওই গগনের
দীপগুলিরে
হেমন্তিকা করল গোপন
আঁচল ঘিরে ॥
ঘরে ঘরে ডাক পাঠালো—
‘দীপালিকায় জ্বালাও আলো,
জ্বালাও আলো, আপন আলো,
সাজাও আলোয় ধরিত্রীরে ॥’
শূন্য এখন ফুলের বাগান,
দোয়েল কোকিল গাহে না গান,
কাশ ঝরে যায় নদীর তীরে।

যাক অবসাদ বিষাদ কালো,
দীপালিকায় জ্বালাও আলো—
জ্বালাও আলো, আপন আলো,
শুনাও আলোর জয়বাণীরে ॥
দেবতারা আজ আছে চেয়ে—
জাগো ধরার ছেলে মেয়ে,
আলোয় জাগাও যামিনীরে।
এল আঁধার, দিন ফুরালো
দীপালিকায় জ্বালাও আলো,
জ্বালাও আলো, আপন আলো,
জয় করো এই তামসীরে ॥

II সা রা গা । গা গা -া I গা -া গা । গা গা -মা I
হি মে র রা তে ০ ও ই গ গ নে র্

I রগা -রা গা । গা গা -পা I পগা পমা -া । গা রসা -ন্া I
দী• প্ গু লি রে ০ হে ম০ ন্ তি কা০ •

I সা -া গা । মা পা -া I সা সগা -া । মা পা -া I
ক র্ ল গো প ন্ আঁ চ০ ল্ ঘি রে ০

I পগা পমা -া । গা রসা -ন্া II
ঘি রে• ০ ঘি রে০ ০

II র্সা র্সা -র্গা । র্গর্রা র্রা -া I র্সা -া র্সা । র্সা র্সা -া I
ঘ রে • ঘ রে ০ ডা ক্ পা ঠা লো ০

I র্সনা না -র্রা । র্সা র্সা -া I র্সনা. ধা -র্সা । না ধপা -া I
দী পা ০ লি কা য়্ জা লা ও আ লো০ ০

I পর্সা র্সা -া । র্সনা ধপা -া I পর্সা র্সা -া । র্সনা ধপা -া I
আ০ লা ও আ লো০ ০ আ০ প ন্ আ লো০ ০

I পর্সা র্সণা -া । ধা পা -ধপা I পগা পমা -া । মগা রসা -ন্া II
সা০ জা০ ও আ লো ০য়্ ধ রি০ ০ ত্রী রে০ ০

II সা -পা পা । পা পা -া I পা পা -ক্ষা । পা -ক্ষা -ধা I
শু ন্ ন এ খ ন্ ফু লে র্ বা ০ ০

I ধপা -া -া । -া -া -াম I মা মা -া । মা মা -া I
গা ০ ০ ০ ০ ন্ দো য়ে ল্ কো কি ল্

I মা মা -গা । গরা -া -গমা I মগা -া -া । -া -া -া I
গা হে ০ না ০ ০০ গা ০ ০ ০ ০ ন্

I সা -া সা । সগা গা -া I -া -া গা । গমা মা -া I
কা শ ঝ রে০ ষা ০ ০ য়্ ঝ রে০ ষা ০

I -া -া মা । মপা পা -া I পমা গা -রা । রমা মগা -া I
০ য়্ ঝ রে০ ষা য়্ ন দী ০ র্ তী০ রে ০

I র্সা -র্গা র্রা । র্রা র্রা -া I র্সা র্সা -া । র্সা র্সা -া I
ষা ক্ অ ব সা দ্ বি ষা দ্ কা লো ০

I র্সনা না -র্রা । র্নর্সা র্সা -া I র্সনা ধা -র্সা । র্সনা ধপা -া I
দী পা ০ লি কা য়্ জা লা ও আ লো০ ০

I পর্সা র্সা -া । র্সনা ধপা -া. I পর্সা র্সা -া । র্সনা ধপা -া I
জ্বা০ লা ও আ. লো০ ০ আ০ প ন্ আ লো০ ০

I পর্সা র্সণা -র্া । ধা পা -া I পগা -পা পমা । গা রসা -ন্া II
জ্বা০ লা ও আ লো র্ জ য়্ বা ণী রে০ ০

II সা -পা পা । পা পা -া I পা পা -া । পা পা -ক্ষা I
দে ব্ তা রা আ জ্ আ ছে ০ চে য়ে ০

I পা -ক্ষা -না । ধপা -া -া I -া -া -া । মা মা -গা I
জা ০ ০ গো০ ০ ০ ০ ০ ০ ধ রা র্

I গরা রা -মা । মা মগা -মা I মরা -া -গমা । মগা -া -া I
ছে লে ০ মে য়ে ০ জা ০ ০০ গো ০ ০

I গা মা -গা । গরা -াঃ -গমঃ I মগা -া -া । -া -া -া I
আ লো য়্ জা ০ ০০ গা ০ ০ ০ ০ ও

I গা গা -রা । সন্া -া -া I সা -া -া । -গা -াঃ -মপঃ I
যা মি ০ নী০ ০ ০ রে ০ ০ ০ ০ ০০

I গপা পমা -গা । গরা -াঃ -গমঃ I মগা -া -া । -া -া -া I
আ০ লো য়্ জা ০ ০০ গা ০ ০ ০ ০ ও

I র্সা র্সা -র্গা । র্গর্রা র্রা -া I র্সা -া র্সা । র্সা র্সা -া I
এ ল ০ আঁ ধা র্ দি ন্ ফু রা লো ০

I র্সনা না -র্রা । র্রর্সা র্সা -া I র্সনা ধা -র্সা । না ধপা -া I
দী পা ০ লি কা য়্ জা লা ও আ লো০ ০

I পর্সা র্সা -া । র্গনা ধপা -া I পর্সা. র্সা -া । না ধপা -া I
আ০ লা ও আ লো০ ০ আ০ প ন্ আ লো০ ০

I পা -র্সা র্গণা । ধা ধপা -ধপা I পগা পমা -া । গা রসা -ন্া II II
জ য়্ ক রো এ ০ই তা ম০ ০ সী রে০ ০